Lens Asia

৩০ জুলাই, ২০২৫

# মুরাদনগরে বিএনপি-এনসিপি সংঘর্ষে উত্তেজনা, আহত অন্তত ১৫ জন



সংগৃহীত ছবি

কুমিল্লার মুরাদনগরে বিএনপি ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) সমর্থকদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। বুধবার (৩০ জুলাই) বিকেলে উপজেলার আল্লাহ'র চত্বরে এ ঘটনায় অন্তত ১৫ জন আহত হন, যাদের মধ্যে সাংবাদিকও রয়েছেন।

পুলিশ সূত্রে জানা যায়, এলজিআরডি উপদেষ্টা আসিফ মাহমুদ সজিব ভূইয়ার বিরুদ্ধে অপপ্রচারের প্রতিবাদে পূর্ব ঘোষিত কর্মসূচির অংশ হিসেবে বিক্ষোভ মিছিল করে এনসিপি। মিছিল শেষে ফেরার সময় হঠাৎ বিএনপি সমর্থকদের হামলার শিকার হয় তারা।

এরপরই উভয় পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও ইট-পাটকেল নিক্ষেপ শুরু হয়। সংঘর্ষের সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে আইনশৃঙ্খলা বাহিনী ঘটনাস্থলে পৌঁছালেও কোনো পুলিশ সদস্য আহত হননি।

অন্যদিকে, বিএনপি নেতাকর্মীরা দাবি করেছেন, আসিফ মাহমুদের নির্দেশে স্থানীয় বিএনপি নেতাদের বিরুদ্ধে করা মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে তাদের কর্মসূচি চলছিল। ওই সময় এনসিপির কর্মীরাই তাদের ওপর অতর্কিত হামলা চালায় বলে অভিযোগ করেন তারা।

সংঘর্ষের ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে এবং অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। স্থানীয় প্রশাসন পরিস্থিতি পর্যবেক্ষণ করছে।